

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩।  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নং-১০.০০.০০০০.১২৭.০৮.০০৬.১৮.৪৮২

তারিখঃ ০৮ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
২৩ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার লক্ষীপুর জজশীপের যুগ্ম জেলা ও দায়রা জজ জনাব মাসরুর সালেকীন কে The National University of Ireland Galway (NUIG) এর School of Law তে Hardiman Research Scholarship এর আওতায় ০৪ (চার) বছর মেয়াদী “Ensuring Environmental Justice through Judicial Activism” শিরোনামে Structured PhD Programme -কোর্সে অধ্যয়নের নিমিত্ত আগামী ২৭/০৮/২০১৮ খ্রিঃ হতে পরবর্তী ০৪ (চার) বছরের জন্য নিম্নলিখিত শর্তে প্রেষণ মঞ্জুর করলোঃ

শর্তসমূহ

- ১। তাঁর প্রেষণের সময়কাল কর্তব্যরত হিসাবে গণ্য হবে;
- ২। তিনি প্রেষণকালীন সময়ে বেতন ও অন্যান্য ভাতাদি স্থানীয় মুদ্রায় গ্রহণ করবেন;
- ৩। তাঁর এ অধ্যয়নে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৪। প্রেষণের মেয়াদ শেষ হওয়ার পূর্বে সরকার হতে অন্য কোন নির্দেশ প্রদান না করা হলে উক্ত মেয়াদকাল শেষ হওয়া মাত্রই তাঁকে দেশে প্রত্যাবর্তন করতে হবে;
- ৫। সরকারের অনুমতি ব্যতীত কোর্সের মেয়াদ শেষে বিদেশে অবস্থান করলে তাহা অবৈধ অনুপস্থিতি হিসাবে গণ্য হবে;
- ৬। তিনি বিদেশে অবস্থানকালে কোন ঋণ গ্রহণ করতে পারবেন না এবং বিদেশ হতে আসার পূর্বে সকল বকেয়া পরিশোধ করবেন।
- ৭। দেশে প্রত্যাবর্তনের পর তিনি কোর্স সমাপ্তির সনদ অত্র বিভাগে দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/-  
(মোঃ মাহবুবর রহমান সরকার)  
উপ-সচিব (প্রশাসন-১)

নং-১০.০০.০০০০.১২৭.০৮.০০৬.১৮.৪৮২/১(১৬)


তারিখ- ০৮ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
২৩ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ৩। জেলা ও দায়রা জজ, লক্ষীপুর।
- ৪। মহা-পরিচালক, বর্হিগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৫। জনাব মাসরুর সালেকীন, যুগ্ম জেলা ও দায়রা জজ, লক্ষীপুর।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৯। উপ-পরিচালক, ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

উপরের প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করতে অনুরোধ করা যাচ্ছে।

- ১০। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। পরিচালক, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ১২। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লক্ষীপুর।
- ১৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

  
(মোঃ নুরুল আলম সিদ্দিক)  
সিনিয়র সহকারী সচিব